গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ও গণযোগাযোগ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০২৬.১১.০০১.২১. ৫৮

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১
২৭ মে ২০২৪

বিষয়: জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনের প্রেস উইং-এ 'প্রথম সচিব (প্রেস)' পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনের প্রেস উইং-এ **'প্রথম সচিব (প্রেস)'** পদে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের নিকট হতে সংযুক্ত "জীবন বৃত্তান্ত ছক" অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়নসহ) নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম ও কর্মস্থল | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ০১. | প্রথম সচিব (প্রেস)<br>জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন<br>নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র। | ০১ (এক) টি | বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত পদে জাতীয় বেতনস্কেলের ৬ষ্ঠ গ্রেড প্রাপ্ত এবং ৬ষ্ঠ গ্রেডে নূন্যতম ০২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা। |

শর্তাবলী:

ক। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত পদে কর্মরত যোগ্য ও আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ২০/০৬/২০২৪ খ্রি: তারিখ বেলা ২:০০ ঘটিকার মধ্যে নির্ধারিত "জীবন বৃত্তান্ত ছক" ০৬ (ছয়) সেট পূরণপূর্বক (হার্ডকপি) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি ও পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সদ্য তোলা সত্যায়িত ছবি সংযুক্ত করে সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (দৃ: আ: উপসচিব (তগ-২) বরাবর আবেদন করতে হবে।

খ। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এবং যথাযথ কর্তৃপক্ষের দাপ্তরিক অগ্রায়নপত্র ব্যতিরেকে কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। ভুল বা অসম্পূর্ণ তথ্য সংবলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

গ। আবেদনকারীকে বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডারভুক্ত কর্মকর্তা হতে হবে এবং তাঁর চাকরি স্থায়ী হতে হবে।

ঘ। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এই আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ০৪ (চার) বছরের কম তাঁরা আবেদন করা যোগ্য বিবেচিত হবেন না।

ঙ। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে প্রেষণে বা সরকারি পদে বিদেশে চাকরি করেছেন, তাঁরা চাকরি শেষে দেশে প্রত্যাবর্তনের ০৩ (তিন) বছরের মধ্যে আবেদন করতে পারবেন না।

চ। ১ জানুয়ারি, ১৯৯২ তারিখের পর জন্মগ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা দুইয়ের অধিক তাঁদের আবেদন বিবেচনাযোগ্য হবে না। আবেদনপত্রে অবশ্যই সন্তান সংখ্যা, নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে।

ছ। বেসরকারি বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষার ক্ষেত্রে সংশ্লিষ্ট ডিগ্রীর সনদপত্রের সাথে উক্ত ডিগ্রির সমতা সংক্রান্ত যথাযথ মন্ত্রণালয়/ইউজিসি এর প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

জ। গণমাধ্যম ও গণসংযোগের কাজে অভিজ্ঞতা এবং ইংরেজি ভাষায় স্বাধীনভাবে যে কোনো বিষয়ে লেখা ও বলার উপর ব্যুৎপত্তি সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

ঝ। এ নিয়োগে মন্ত্রিপরিষদ বিভাগের ১৮-১২-১৯৯৩ তারিখের মপবি/রিপোর্ট/বিদেশস্থ/৪(৫)৯৩-১৭৯(১৩) এবং ১১-০৭-২০১৬ তারিখের ০৪.৪১৬.০৮৩.০০.০০.০৩১.২০১০.২২৬ নম্বর সংশোধিত পরিপত্রের বিধানাবলী অনুসরণ করা হবে।

ঞ। আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যেকোনো অংশ পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০২। আবেদনকারীকে পূরণকৃত "জীবন বৃত্তান্ত ছক" এর সফট কপি (সংলগ্নীসহ) মাইক্রোসফট ওয়ার্ড এ 'নিকস' ফন্টে ই-মেইলে (masscom2@moi.gov.bd) প্রেরণের অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

২৭.০৫.২৪
(মো: মাসুদ খাঁন)
উপসচিব
ফোন: ২২৩৩৫৬৬২০
Email: masscom2@moi.gov.bd

D:\Taga-2\MISSION\New York neiog 2021-22\Circular.docx

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নম্বর: ১৫.০০.০০০০.০২৬.১১.০০১.২১. ৫৮ (১১)

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১
২৭ মে ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)।

০৩। সিনিয়র সচিব/সচিব---------------------------------মন্ত্রণালয়/বিভাগ (সকল), ঢাকা।
(তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ এবং অধীনস্থ দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪। মান্যবর রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি, জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।

০৫। বিভাগীয় কমিশনার (সকল), .........................(তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)।

০৬। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থা প্রধান (সকল), ---------------------------------------------
(তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ এবং দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৭। জেলা প্রশাসক (সকল), .........................(তাঁর অধীন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণের অনুরোধসহ)।

০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

০৯। সকল শাখা/অধিশাখা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

১১। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৭.০৫.২৪

(মো: মাসুদ খাঁন)
উপসচিব

# 'জীবন বৃত্তান্ত ছক'

পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি সংযোজন

১। প্রার্থীর নাম ও পরিচিত নম্বর (যদি থাকে) :

২। বর্তমান আবাসিক ঠিকানা :

৩। স্থায়ী ঠিকানা :

৪। জন্ম তারিখ ও আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স :

৫। পদবী ও বর্তমান কর্মস্থল :

৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :

৭। বর্তমান বেতন স্কেল
(৬ষ্ঠ গ্রেড প্রাপ্তির প্রমাণক সংযুক্ত করতে হবে) :

৮। প্রথম শ্রেণীর চাকরিতে যোগদানের তারিখ :

৯। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারে চাকরির সঠিক মেয়াদ (আবেদনপত্র জমা দেওয়ার তারিখ পর্যন্ত) :

১০। ইতোপূর্বে যে যে পদে কর্মরত ছিলের তার নাম এবং কর্মস্থলের পূর্ণ ঠিকানা (তারিখ উল্লেখপূর্বক বিবরণ) :

১১। শিক্ষাগত যোগ্যতাঃ অর্জিত শ্রেণি/বিভাগ উল্লেখপূর্বক এসএসসি হতে স্নাতকোত্তর পর্যন্ত (প্রতিটি সনদের সত্যায়িত কপি এবং বিদেশী ডিগ্রির ক্ষেত্রে বিধি অনুযায়ী সমতায়ন সার্টিফিকেট আবেদনপত্রের সঙ্গে সংযোজন করতে হবে) :

| ডিগ্রির নাম | প্রতিষ্ঠানের নাম | প্রাপ্ত বিভাগ/ গ্রেড পয়েন্ট | পাশের সাল |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

১২। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ:

| প্রশিক্ষণ | প্রশিক্ষণের স্থান (ইনস্টিটিউশনের নামসহ) | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণের বিষয় |
|---|---|---|---|
| (ক) স্থানীয় | | | |
| (খ) বিদেশি | | | |

১৩। বাংলা ও ইংরেজী ব্যতীত অন্যান্য ভাষায় দক্ষতা (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে) :

১৪। বিদেশে পূর্বতন পোস্টিং (যদি থাকে) :

১৫। বৈবাহিক অবস্থা :

১৬। সন্তান সংখ্যা (প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে) :

| ক্র: নং: | সন্তানের নাম | জন্ম তারিখ |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১৭। অন্যান্য বিষয়াদি (যদি থাকে) :
(পৃথক কাগজে আবেদনকারীর স্বাক্ষরহ অতিরিক্ত
তথ্য সংযোজন করা যাবে)

আবেদনকারীর স্বাক্ষর ও সিল
তারিখ:
**ফোন নম্বর**
অফিস:
বাসা:
ই-মেইল: